# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

মামলা নং- ১/২০২০

| | | |
|---|---|---|
| অভিযোগকারী | : | বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা (স্বপ্র) |
| | | বনাম |
| প্রতিপক্ষ | : | ১। অধ্যক্ষ, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ১/এ নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০<br>২। জনাব মোঃ ইব্রাহিম মোল্লা, মেসার্স চৌধুরী এন্টারপ্রাইজ, ১০০, আজিমপুর রোড, লালবাগ, ঢাকা-১২০৫। |
| আদেশের তারিখ | : | ২৪-০২-২০২১ খ্রিঃ |
| কমিশন | : | ১। জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;<br>২। জনাব জি. এম. সালেহ উদ্দিন, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;<br>৩। জনাব মোঃ আব্দুর রউফ, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;<br>৪। ড. এ এফ এম মনজুর কাদির, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;<br>৫। জনাব নাসরিন বেগম, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। |

উপরে বর্ণিত পর্যালোচনা ও বিশ্লেষণের উপর ভিত্তি করে কমিশন কতিপয় নির্দেশনাসহ (আদেশ ৩, ৪ এবং ৫) নিম্নরূপ আদেশ প্রদান করে:

## আদেশ

১। বিচার্য বিষয় (১), (২) এবং (৩) প্রতিপক্ষগণের বিরুদ্ধে প্রমাণিত হয়েছে এবং প্রতিপক্ষগণ কর্তৃক **প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ১৫ এর উপধারা (১) এর বিধান লংঘন** করা হয়েছে বিধায় স্বপ্রণোদিতভাবে কমিশন কর্তৃক আনীত অভিযোগটি প্রতিযোগিতা আইন, ২০১২ এর বিধান অনুসারে প্রতিপক্ষগণের বিরুদ্ধে বিবেচনাযোগ্য।

২। ২নং প্রতিপক্ষ মেসার্স চৌধুরী এন্টারপ্রাইজ যোগসাজশের মাধ্যমে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের সাথে চুক্তিবদ্ধ হয়ে দীর্ঘ সময়ব্যাপী এককভাবে পোশাক সরবরাহ করে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ১৫ এর উপধারা (১) এর বিধান লংঘন করায় উক্ত আইনের ধারা ২০ এর বিধান অনুসারে ২নং প্রতিপক্ষ মেসার্স চৌধুরী এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী জনাব মোঃ ইব্রাহীম মোল্লার উপর উহার ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালে ইউনিফর্ম বিক্রি বাবদ **১,১৯,৮৪,৫৮০/- (এক কোটি উনিশ লক্ষ চুরাশি হাজার পাঁচশত আশি টাকা মাত্র)** টাকার বার্ষিক গড় টার্নওভারের **২% হিসেবে ৭৯,৮৯৭/- (উনআশি হাজার আটশত সাতানব্বই টাকা মাত্র) টাকা** প্রশাসনিক আর্থিক জরিমানা হিসেবে আরোপ করা হলো।

অপরদিকে, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের ব্যবসায়িক উদ্দেশ্য না থাকলেও প্রতিযোগিতা আইন, ২০১২ অনুসরণ না করে ২নং প্রতিপক্ষ মেসার্স চৌধুরী এন্টারপ্রাইজকে একচ্ছত্রভাবে দীর্ঘ সময়ব্যাপী শিক্ষার্থীদের পোশাক সরবরাহের ব্যবসা করার সুযোগ করে দেয়ায় ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষকে ভবিষ্যতে এ ধরণের কর্মকাণ্ড থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হলো।

৩। কমিশনে মামলা শুনানীকালে বিগত ২৭-১০-২০২০ তারিখে সম্পাদিত ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ এবং মেসার্স চৌধুরী এন্টারপ্রাইজ, ১০০, আজিমপুর রোড, লালবাগ, ঢাকা (অস্তিত্ববিহীন ঠিকানা) এর মধ্যে ০১-০৫-২০২০ তারিখ হতে ৩০-০৪-২০২৩ তারিখ পর্যন্ত বলবৎ থাকা সংক্রান্ত **"ভাড়াটিয়া চুক্তি"** প্রতিযোগিতা বিরোধী বিধায় উহা বাতিল ও অকার্যকর করার জন্য ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজকে নির্দেশনা দেয়া হলো।

৪। ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ –

(১) শিক্ষার্থীদের পোশাকের জন্য প্রয়োজনে একটি Dress Code এবং Uniform Specification নির্ধারণ করতে পারবে;

(২) শিক্ষার্থীদের পোশাকের কাপড়, রং, ডিজাইন এবং মনোগ্রাম অভিন্ন রাখার উদ্দেশ্যে অভিভাবকবৃন্দকে অবহিত করে নির্ধারিত পোশাকের একটি নমুনা নির্বাচিত দর্জির দোকান/প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করবে;

(৩) একক উৎস বা একটি নির্দিষ্ট দোকান হতে পোশাক ক্রয়ের বাধ্যবাধকতা পরিহার করার উদ্দেশ্যে প্রত্যেক ক্যাম্পাসের জন্য ন্যূনতম ৩ (তিন) টি সরবরাহকারী দর্জির দোকান/প্রতিষ্ঠান নির্বাচনপূর্বক (এলাকাভিত্তিক) প্রতিযোগিতামূলক সুষ্ঠু বাজার সৃষ্টির লক্ষ্যে যুগপৎভাবে পোশাক তৈরী এবং সংগ্রহের কাজ সম্পাদন করবে;

(৪) পোশাক সরবরাহকারী দর্জির দোকান/প্রতিষ্ঠান নির্বাচনের জন্য বহুল প্রচারিত ২ (দুই) টি জাতীয় দৈনিক বাংলা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে নির্দিষ্টকৃত তারিখের মধ্যে বাছাই কার্যক্রম সম্পন্ন করবে;

(৫) স্কুল এন্ড কলেজের নোটিশ বোর্ডসহ প্রকাশ্য স্থানে এবং নির্বাচিত দর্জির দোকানে পোশাকের মূল্য তালিকা (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) প্রদর্শন করবে এবং নির্ধারিত মূল্যে পোশাক বিক্রি হচ্ছে কিনা তা তদারকি করবে;

(৬) প্রতিষ্ঠানের যাবতীয় পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে প্রতিযোগিতা আইন, ২০১২ এর বিধানাবলী অক্ষুণ্ণ রাখার এবং দেশে ব্যবসা-বাণিজ্যে প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ড পরিহার করার ক্ষেত্রে শ্রদ্ধাশীল থাকবে।

কর্তৃপক্ষ প্রয়োজনে পণ্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে যে সকল দুর্বল দিক রয়েছে সেগুলো দূরীকরণের ক্ষেত্রে প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচীর ব্যবস্থা গ্রহণ করতে পারে;

(৭) ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ উহার উপর প্রদত্ত আদেশ ও নির্দেশনা অনুসারে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কিত একটি বাস্তবায়ন প্রতিবেদন আগামী ২৬ এপ্রিল, ২০২১ তারিখের মধ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নিকট দাখিল করবে।

৫। মেসার্স চৌধুরী এন্টারপ্রাইজ উহার উপর-

(১) আরোপিত প্রশাসনিক আর্থিক জরিমানা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চলতি হিসাব নম্বরঃ ৪৪২৫৫০২০০০৬৯৬, সোনালী ব্যাংক লিমিটেড, হোটেল শেরাটন কর্পোরেট শাখা, ঢাকা বরাবরে পে অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে আগামী ৩১-০৩-২০২১ তারিখের মধ্যে জমা প্রদান করে উহার রশিদ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে দাখিল করবে;

(২) প্রদত্ত আদেশ ও নির্দেশনা অনুসারে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কিত একটি বাস্তবায়ন প্রতিবেদন আগামী ২৬ এপ্রিল, ২০২১ তারিখের মধ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নিকট দাখিল করবে।

৬। পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড পরিহারের লক্ষ্যে প্রতিযোগিতা আইন, ২০১২ অনুসরণের জন্য দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে পারে।

কমিশনের সচিব এই আদেশটি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং উহার অনুলিপি অবগতির জন্য সচিব, বাণিজ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করবেন।

| | | | | |
|---|---|---|---|---|
| স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- |
| নাসরিন বেগম | ড. এ এফ এম মনজুর কাদির | মোঃ আব্দুর রউফ | জি. এম. সালেহ উদ্দিন | মোঃ মফিজুল ইসলাম |
| সদস্য | সদস্য | সদস্য | সদস্য | চেয়ারপার্সন |